

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৪৭

২২. ওয়াসিয়াত অধ্যায় (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ৯. অছী (ওয়াসীয়াতপ্রাপ্ত ব্যক্তি)-এর জন্য যা বৈধ এবং যা বৈধ নয়

باب مَا يَجُونُ لِلْوَصِيِّ وَمَا لَا يَجُونُ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُبَارِكِ حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ عَنْ عِكْرِمَةَ عَنْ شَيْخٍ مِنْ أَهْلِ دِمَشْقَ قَالَ كُنْتُ عِنْدَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ وَعِنْدَهُ سُلَيْمَانُ بْنُ حَبِيبٍ وَأَبُو قِلَابَةَ إِذْ دَخَلَ غُلَامٌ قَالَ كُنْتُ عِنْدَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ وَعِنْدَهُ سُلَيْمَانُ بْنُ حَبِيبٍ وَأَبُو قِلَابَةَ إِلَى سُلَيْمَانَ بْنِ فَقَالَ أَرْضُنَا بِمَكَانِ كَذَا وَكَذَا بَاعَكُمْ الْوَصِيُّ وَنَحْنُ أَطْفَالُ فَالْتَفَتَ إِلَى سُلَيْمَانَ بْنِ حَبِيبٍ فَقَالَ مَا تَقُولُ قَالَ رُدَّ عَلَى حَبِيبٍ فَقَالَ مَا تَقُولُ قَالَ رُدَّ عَلَى الْغُلَامِ أَرْضَهُ قَالَ مَا تَقُولُ قَالَ أَنْتَ أَهْلَكْتَهُ الْغُلَامِ أَرْضَهُ قَالَ مَا يَقُولُ مَالُنَا قَالَ أَنْتَ أَهْلَكْتَهُ

## বাংলা

৩২৪৭. ইকরিমাহ- যিনি দামিশক্ বাসী একজন আলিম ছিলেন- তিনি বলেন, আমি উমার ইবনু আব্দুল আযীয (রহঃ) এর নিকট ছিলাম। তখন তার নিকট সুলাইমান ইবনু হাবীব ও আবী কিলাবাহ (রহঃ)ও ছিলেন। তখন একটি ছেলে উপস্থিত হয়ে বললো, অমুক অমুক স্থানে আমাদের জায়গা-জমি ছিল। আমাদের অসী (ওয়াসীয়াতপ্রাপ্ত ব্যক্তি) আপনাদের নিকট তা বিক্রী করেছে, আর আমরা হলাম ছোট বালক। তখন সুলাইমান ইবনু হাবীব আমার নিকট এসে বললেন, আপনার মতামত কি? তিনি বলেন, তখন তিনি বলতে ইতস্তত: করলেন। তখন তিনি আবী কিলাবার দিকে ফিরে বললেন, আপনার মতামত কি? তখন তিনি বললেন, ছেলেটাকে তার জমি ফিরিয়ে দিতে হবে।সে (ছেলেটি) বললো, তাহলে তো আমাদের সম্পদ ধ্বংস হয়ে যাবে। তিনি বললেন, তুমিই তো তা ধ্বংস করলে।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: ইকরিমাহ- মাজহুল (অজ্ঞাত পরিচয়); অন্যান্য রাবীগণ বিশ্বস্ত।

তাখরীজ: আমি এটি এছাড়া কোথাও পাইনি। তবে দেখতে পারেন, সাঈদ ইবনু মানসূর নং ৩২৯; আব্দুর রাযযাক নং ১৬৪৭৯।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইকরিমা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন